গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/ঢাঃ বিঃ/বিবিধ-৪/২০২০/ ৬৭৭ তারিখঃ ১৮/৩/২০২০

বিষয়ঃ Bangladesh National Health Accounts (BNHA) শীর্ষক গবেষণার কাজে সহায়তা করার জন্য ছকানুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ প্রসংগে।

সূত্রঃ স্বারক নং-৪৫.০৫.০০০০.০০৬.৩১.০০১.১৯.২৩৪ তারিখঃ ০৫.০৩.২০২০ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট তথ্যাদি নির্ধারিত ছক মোতাবেক আগামী ২৬ মার্চ ২০২০ তারিখের মধ্যে প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ ১(এক) পাতা।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন নং-০২-৫৫০৬৭১৫০ ,ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১
Email: directorhospital@ld.dghs.gov.bd

কার্যার্থেঃ

ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/মাদারীপুর/মানিকগঞ্জ/ময়মনসিংহ/নারায়নগঞ্জ/নরসিংদী/নেত্রকোনা/রাজবাড়ী/শরীয়তপুর/টাঙ্গাইল/চট্রগ্রাম/বান্দরবন/বিবাড়ীয়া/চাঁদপুর/কুমিল্লা/কক্সবাজার/ফেনী/খাগড়াছড়ি/লক্ষীপুর/নোয়াখালী/রাঙ্গামাটি/রাজশাহী/বগুড়া/জয়পুরহাট/পাবনা/সিরাজগঞ্জ/খুলনা/বাগেরহাট/চুয়াডাঙ্গা/ঝিনাইদহ/কুষ্টিয়া/মাগুরা/সাতক্ষীরা/বরিশাল/রবগুনা/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/সিলেট/হবিগঞ্জ/মৌলবীবাজার/সুনামগঞ্জ/রংপুর/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/পঞ্চগড়।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/ঢাঃ বিঃ/বিবিধ-৪/২০২০/ তারিখঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক(অতিঃ সচিব),স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমন্বয়)।
৩। বিভাগীয় পরিচালক(স্বাস্থ্য),ঢাকা/চট্রগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

জরুরি

তাগিদ পত্র - ১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
www.heu.gov.bd

নং- ৪৫.০৫.০০০০.০০৬.৩১.০০১.১৯.২৬৪ তারিখঃ ০৫-০৩-২০২০

**বিষয়ঃ Bangladesh National Health Accounts (BNHA) শীর্ষক গবেষণার কাজে সহায়তা করার জন্য সংযুক্ত ছকানুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।**

সূত্র নং- ৪৫.০৫.০০০০.০০৬.৩১.০০১.১৯.১১৯৪, তারিখঃ ২৮/১১/২০১৯

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অন্তর্ভুক্ত স্বাস্থ্য অর্থনীতি ইউনিট মন্ত্রণালয়ের নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে Bangladesh National Health Accounts (NHA) রিপোর্ট প্রণয়ন করে থাকে। এতে স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টরের সার্বিক (সরকারি এবং বেসরকারি) ব্যয়িত খরচের তথ্য নীতি ও পরিকল্পনা প্রণেতাগণকে অবহিত করা হয়। এ যাবত পাঁচটি BNHA প্রকাশিত হয়েছে, বর্তমানে ষষ্ঠটি প্রণয়নের কাজ চলছে। বেসরকারী খাতে স্বাস্থ্য সেবার ব্যয়ের হিসাব যথাযথভাবে সংগ্রহের জন্য সকল বেসরকারী (নিবন্ধিত, নিবন্ধনের জন্য আবেদনকৃত ও অনিবন্ধিত) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা হচ্ছে। উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের শুধুমাত্র নিবন্ধিত/ লাইসেন্সপ্রাপ্ত এই জাতীয় প্রতিষ্ঠানের তালিকা সংরক্ষণ করা হয় বিধায় স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট হতে নিবন্ধনের জন্য আবেদনকৃত ও অনিবন্ধিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহ করা সম্ভবপর নয়।

২। এই লক্ষ্যে, আপনার আওতাধীন জেলার নিবন্ধনকৃত (স্বাস্থ্য অধিদপ্তর বা অন্য কোন সংস্থায়), নিবন্ধনের জন্য আবেদনকৃত এবং নিবন্ধন নেই - এ রকম সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের তালিকা প্রদত্ত ছকে ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের মধ্যে মহাপরিচালক ও অতিঃ সচিব, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা - ১০০০ বরাবরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতঃপূর্বে সূত্রোক্ত স্মারকের সাথে প্রেরিত ছকে (কপি সংযুক্ত) আপনাকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু উক্ত ছকে যাচিত তথ্যাদি অদ্যাবধি না পাওয়ায় BNHA এর কাজ বিঘ্নিত হচ্ছে।

৩। বর্ণিত অবস্থায়, উক্ত তথ্যাদি (ছক পুনরায় সংযুক্ত) আগামী ২৬ মার্চ, ২০২০ এর মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল। এ সংক্রান্ত যে কোন বিষয়ে তথ্যের জন্যে জনাব ফাতেমা জোহরা, উপ-পরিচালক (সিনিয়র সহকারী সচিব), ফোন- ৯৫৮৫৫৭৮/ ডাঃ সুব্রত পাল, ফোকাল পয়েন্ট-পিইআর, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ফোন -৯৫৮৬০৪৯, ই-মেইলঃ subrata.mohfw@gmail.com এর সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

৪। বিষয়টি জরুরি।

(ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিঃ সচিব)
ফোনঃ ৯৫৮৬৮২২

**বিতরণ –**

**সিভিল সার্জন –** ফরিদপুর/ গাজীপুর/ গোপালগঞ্জ/ মাদারীপুর/ মানিকগঞ্জ/ ময়মনসিংহ/ নারায়ণগঞ্জ/ নরসিংদি/ নেত্রকোনা/ রাজবাড়ী/ শরিয়তপুর/ টাঙ্গাইল/ চট্টগ্রাম/ বান্দারবন/ ব্রাহ্মণবাড়িয়া/ চাঁদপুর/ কুমিল্লা/ কক্সবাজার/ ফেনী/ খাগড়াছড়ি/ লক্ষীপুর / নোয়াখালী/ রাঙ্গামাটি/ রাজশাহী/ বগুড়া/ জয়পুরহাট/ পাবনা/ সিরাজগঞ্জ/ খুলনা/ বাগেরহাট/ চুয়াডাঙ্গা/ ঝিনাইদহ/ কুষ্টিয়া/ মাগুরা/ সাতক্ষীরা/ বরিশাল/ বরগুনা/ ভোলা/ ঝালকাঠি/ পটুয়াখালী/ পিরোজপুর/ সিলেট/ হবিগঞ্জ/ মৌলবীবাজার/ সুনামগঞ্জ/ রংপুর/ দিনাজপুর/ গাইবান্ধা/ কুড়িগ্রাম/ লালমনিরহাট/ পঞ্চগড়।

**অনুলিপিঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ- পরিচালক, হাসপাতাল)।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) - ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।